DEC. 4 2000

# নকলবাজদের তাণ্ডব

## এদের কঠোর শাস্তি দিতে হবে

নকল করতে না দেওয়ায় সরকারি বরিশাল কলেজ কেন্দ্রে একদল পরীক্ষার্থী যে উচ্ছৃঙ্খলতা প্রদর্শন করেছে, তা তাদের শিক্ষার্থীর পরিচয়কে মসিলিপ্ত করেছে. তাদের মধ্যে এক ধরনের দুর্বৃত্তপনাও তুলে ধরেছে। নকল করা অপরাধ; সেই অপরাধ করতে দেওয়া হয়নি বলে তারা কলেজের লাখ লাখ টাকার আসবাবপত্র বাইরে ছুড়ে ফেলে দিয়েছে. অন্য পরীক্ষার্থীদের লাঞ্ছিত করেছে. পরীক্ষার হলে এমন আতঙ্কজনক পরিস্থিতির সৃষ্টি করেছে যে পরীক্ষার নির্ধারিত সময়ের ৩০ মিনিট আগেই কর্তৃপক্ষ পরীক্ষা শেষ করতে বাধ্য হয়েছে। এগুলো শিক্ষার্থীসুলভ আচরণ নয়; বরং শাস্তিযোগ্য অপরাধ।

পরীক্ষার হলে নকল করাটাকে যারা অধিকার বলে মনে করে, তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিয়েই বোঝাতে হবে যে পরীক্ষায় পাস করার জন্য পড়াশোনাটাই দরকার, নকল নয়।

এই উচ্ছৃঙ্খল পরীক্ষার্থীদের কারণে পুরো কেন্দ্রের পরীক্ষা যেমন আগেভাগে শেষ করতে হয়েছে, তেমনি একটি খাতা গেছে হারিয়ে। তাদের কারণেই অসংখ্য পরীক্ষার্থীর পরীক্ষা খারাপ হবে। এই সন্ত্রাসীরা শুধু আসবাবপত্র ভেঙেই ক্ষান্ত হয়নি, ছাত্রীদের শারীরিকভাবে লাঞ্ছিতও করেছে। পরীক্ষা-পরবর্তী দুঘণ্টা দুশতাধিক আতঙ্কিত পরীক্ষার্থী হল থেকে বের হতেও পারেনি। পুলিশ গিয়ে উচ্ছৃঙ্খল ২০ জন ছাত্রকে গ্রেপ্তার করেছে। এখন আমাদের দাবি হলো, এই অপরাধীরা যেন কোনো প্রভাবশালী রাজনীতিকের মদদে ছাড়া না পায়।

পরীক্ষায় সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে হলে এই ছাত্র নামধারী দুর্বৃত্তদের বহিষ্কার করা ছাড়াও ভাঙচুরের অপরাধে জননিরাপত্তা আইনে শাস্তি দিতে হবে।